গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ -এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সূচিপত্র

সেকশনসমূহ	পৃষ্ঠা নং
বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
স্বাক্ষরের পাতা	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	৯
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১০
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১১

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of BIDS)

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর সাম্প্রতিক অর্জনসমূহ:

উন্নয়নের গতিপ্রকৃতি বিশ্লেষণ ও ভবিষ্যৎ দিক নির্দেশনার জন্য গবেষণার বিকল্প নেই। মহান মুক্তিযুদ্ধের পর পরই প্রতিষ্ঠানটি Bangladesh Institute of Development Economics (BIDE) নামে বাংলাদেশে যাত্রা শুরু করে। স্বাধীনতা পরবর্তী সময়ে সরকারের উন্নয়ন পরিকল্পনায় সহায়তার জন্য ১৯৭৪ সালে পাশকৃত আইনের মাধ্যমে এই প্রতিষ্ঠান পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করে। প্রতিষ্ঠানটি বাংলাদেশের উন্নয়ন সমস্যা ও অনুন্নয়নের কারণ অনুসন্ধান এবং আর্থ-সামাজিক নীতি নির্ধারণ বিষয়ক স্বাধীন গবেষণা কার্য পরিচালনা করে থাকে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) উন্নয়ন গবেষণায় একটি উৎকৃষ্ট কেন্দ্র হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুখ্যাতি অর্জন করেছে।

গত তিন বছরে বিআইডিএস ৬৪টি গবেষণা সমীক্ষা সম্পন্ন করেছে। পাশপাশি বিআইডিএস থেকে ইংরেজী জার্নালের ১২টি ও বাংলা জার্নালের ৩টি সংখ্যা, ৪০টি সমীক্ষা (রিসার্চ রিপোর্ট, রিসার্চ মনোগ্রাফ, সমীক্ষা প্রতিবেদন, বই ও নিউজ লেটার) প্রকাশিত হয়েছে। গবেষণালব্ধ জ্ঞান বিস্তারের জন্য প্রকাশনার পাশাপাশি বিআইডিএস ৩২টি সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা আয়োজন করেছে। এছাড়াও সরকারের বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে বিআইডিএস এর গবেষকরা বিশেষজ্ঞ মতামত প্রদান করেছেন, যার মধ্যে উল্লেখযোগ্য হল ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

১. প্রয়োজনীয় জনবলের অভাব।

২. প্রশিক্ষণের অভাব।

ভবিষ্যৎ পরিকল্পনাসমূহ:

১. স্নাতকোত্তর পর্যায়ে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা;
২. নিজস্ব অর্থায়নে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা;
৩. গবেষণা ফলাফল জার্নাল, পুস্তক নিউজ লেটার ও সেমিনার/সিম্পোজিয়ামের মাধ্যমে প্রকাশ করা;
৪. সরকারী বিভিন্ন নীতি প্রণয়ন কমিটিতে বিশেষজ্ঞ হিসেবে মতামত প্রদান।

২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

বিআইডিএস ২২টি গবেষণা সমীক্ষা সম্পাদন করবে। পাশাপাশি গবেষণালব্ধ জ্ঞান প্রকাশের জন্য ইংরেজী জার্নালের ৪টি সংখ্যা এবং বাংলা জার্নালের ১টি সংখ্যা, ১৬টি সমীক্ষা (রিসার্চ রিপোর্ট, রিসার্চ মনোগ্রাফ, সমীক্ষা প্রতিবেদন, বই ও নিউজ লেটার) প্রকাশ করবে। এছাড়াও ১০টি জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন করবে। তাছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়ের গঠিত নীতি নির্ধারণী কমিটিতে বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য বিআইডিএস এর গবেষকরা অংশ নিবেন।

উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের ...জুন... মাসের ...২৮........... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর-রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে কার্যকর গবেষণা, উন্নয়ন নীতি ও কৌশল

১.২ অভিলক্ষ্য (Mission):

উন্নয়ন অর্থনীতি ও অন্যান্য সামাজিক বিজ্ঞান এবং প্রাসঙ্গিক বিষয়ে অনুসন্ধান, গবেষণা পরিচালনা ও জ্ঞান বিস্তার

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১ প্রকাশনা, সেমিনার, আলোচনার আয়োজন করা;

২ জাতীয় উন্নয়ন, সামাজিক কল্যাণ ও সমস্যাদি সম্পর্কিত জরিপ, পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করা।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

৩. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৬. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ে পরিকল্পনা, নীতি, ও কৌশল প্রণয়নে গবেষণা সহায়তা প্রদান;

২. গৃহীত পরিকল্পনা, নীতি, ও কৌশলের কার্যকারিতার মূল্যায়নের জন্য অনুসন্ধানী গবেষণা পরিচালনা;

৩. জার্নাল প্রকাশনা;

৪. গবেষণালব্ধ ফলাফল প্রকাশের নিমিত্তে সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন;

৫. সরকারি বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান।

সেকশন ২

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র [Source of Data]
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
আর্থ সামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা এবং ফলাফলকে নীতি নির্ধারনী পর্যায়ে কাজে রুপান্তর করা	গবেষণা সমীক্ষা সম্পাদন	সংখ্যা	২২	২২	২৩	২৪	২৫	সকল মন্ত্রণালয়/বিভাগ	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
	রিপোর্ট/জার্নাল প্রকাশ	সংখ্যা	৫	৫	৫	৫	৫	-	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
	রিসার্চ রিপোর্ট/রিসার্চ মনোগ্রাফ/সম্পাদিত বই/সমীক্ষা প্রতিবেদন/ নিউজলেটার	সংখ্যা	৮	৯	১০	১০	১১	-	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
	জাতীয়/আন্তর্জাতিক জার্নাল/বইয়ে গবেষকদের প্রবন্ধ প্রকাশ	সংখ্যা	৬	৭	৭	৭	৮	-	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
	সেমিনার/সিম্পোজিয়াম/ কর্মশালার আয়োজন	সংখ্যা	১০	১১	১১	১২	১৩	সকল মন্ত্রণালয়/বিভাগ	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
	নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান	%	৯২%	৯৫%	৯৫%	৯৫%	৯৫%	সকল মন্ত্রণালয়/বিভাগ	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

*সাময়িক